



দক্ষিণের দর্পন বার্তা



সম্পাদকের কলমে

বাংলা সাহিত্যের সাংস্কৃতিক কর্মকাণ্ড চিরকাল সুদূর প্রসারী, বাংলা ভাষার জাদুতে সে হাজার বাঙালিকে একত্রিত করে এক বৃহত্তর পরিবার তৈরি করে নিমেষে, বৈচিত্র্যময় চিন্তা ভাবনার মানুষগুলোকে এক সুতোয় বেঁধে নতুন সৃষ্টির জোয়ারে ভাসিয়ে নিয়ে উৎকৃষ্ট মতাদর্শে একে অপরকে আলিঙ্গন করতে শেখায়, মানুষকে ন্যায়পরায়ণতার শিক্ষায় শিক্ষিত করে তোলে, দক্ষিণের দর্পনের পাতায় আপনাদের অভিবাদন জানাতে গিয়ে ডঃ কালামের সেই কটা বিখ্যাত উক্তির কথা মনে পড়ে যাচ্ছে, when there is a righteousness(ন্যায়পরায়ণতা) in heart, there is a beauty in the character, if there is a beauty in the character, there is harmony in the home, if there is harmony in the home, there is an order in the nation and if there is an order in the nation, there is peace in the world. ইতিহাস সাক্ষী যে এই বাংলা ভাষা আমাদের জীবনকে সুন্দর থেকে সুন্দরতর করেছে, সম্প্রীতির বাতাবরণ দিয়েছে আমাদের, আমরা একসাথে চলার প্রেরণা পেয়েছি, সবাই কাঁধে কাঁধ মিলিয়ে চলতে শিখেছি। বেঙ্গল এসোসিয়েশন এর সম্পাদক হিসেবে আমি নিজেকে আজ খুব গর্বিত মনে করছি, এমন বহু প্রীতিভার সমন্বয়ে গড়ে ওঠা এক বৃহৎ পরিবারের সদস্য হতে পেরে,



আমরা করবো জয়, আমরা করবো জয়

আমরা করবো জয় নিশ্চয়, আহা বৃকের গভীর, আছে প্রত্যয়, আমরা করবো জয় নিশ্চয়।

আয়না খুব ছোট্ট একটি শব্দ হলেও, তার ব্যাপ্তি কিন্তু অনেক, আয়নায় আমরা মুখ দেখি, নিজেদের চিনতে শিখি, ওই আয়নায় ই ধরা পড়ে একটি বৃহৎ পরিবারের প্রতিচ্ছবি। আমার ঠিক জানা নেই যে এই "দক্ষিণের দর্পন" এর নামকরণটি কার, কিন্তু আজ সূচিপত্রে চোখ রাখতেই এই নামকরণের যথার্থতা খুঁজে পেলাম নতুন ভাবে। কত গুণী মানুষের সমাহার এই বেঙ্গল এসোসিয়েশন পরিবারে, কে নেই? কবি, গদ্যকার, প্রবন্ধকার, নাট্যকার, রম্য রচয়িতা, যেন ছোট্ট আকাশে হাজার তারার সমাহার। আমার দৃঢ় বিশ্বাস যে আমাদের যেকোন সংকটে আমরা সবাই এক হয়ে মোকাবিলা করবো, আমাদের সাধের বেঙ্গল এসোসিয়েশন কে এগিয়ে নিয়ে যাবো উচ্চতর শিখরে।

আমি বাংলার গান গাই, আমি আমার আমিকে চিরদিন এই বাংলায় খুঁজে পাই

আমি বাংলায় দেখি স্বপ্ন, আমি বাংলায় বাঁধি সুর

আমি এই বাংলার মায়াভরা পথে হেঁটেছি এতটা দূর

বাংলা আমার জীবনানন্দ, বাংলা প্রাণের সুখ, আমি একবার দেখি, বার বার দেখি, দেখি বাংলার মুখ

প্রতুল মুখোপাধ্যায় এর গানটির সাথেও যেন দক্ষিণের দর্পনের এক নিকট যোগ সাদৃশ্য, এই দক্ষিণের দর্পনেই আমরা নতুন ভাবে কথা বলবো, নতুন স্বপ্ন গড়বো, এতে ভর করেই হেটে যাবো সুদূর পথ, খুঁজে পাবো এক নতুন খুশির দিগন্ত, নতুন নতুন মুখ খুঁজে পাবো এই দর্পনের ফ্রেমে বছরের পর বছর ধরে.....

বিপ্লব ভক্ত

সম্পাদক, বেঙ্গল এসোসিয়েশন, চেন্নাই

